দৈনিক ইনকিলাব

তারিখ 20 SEP 1987
পৃষ্ঠা ... 7 কলাম 1

03

# ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১৯৮৭-৮৮ইং শিক্ষাবর্ষের তিন বৎসর মেয়াদী প্রকৌশল ডিপ্লোমা কোর্সে পুরকৌশল, যন্ত্র কৌশল, বিদ্যুৎ কৌশল ও পরমাণু কৌশল বিভাগে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ৩২০টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে।

দরখাস্ত করার ন্যূনতম যোগ্যতা এসএসসি অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা ৫০ নম্বর এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর অংকে শতকরা ৫০ নম্বর কমপক্ষে পাইতে হইবে।

১৯৮৭ সনে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়মিত বলিয়া গণ্য হইবে। ইহা ছাড়া ১৯৮৬ সনে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মোট নম্বর হইতে (গ্রেস মার্ক বাদ দিয়া ১০০০ নম্বর-এর মধ্যে) ৫% নম্বর কর্তনপূর্বক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আবেদন করার সুযোগ পাইবে। যাহারা ১৯৮৬ সনের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহারা দরখাস্ত করার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। অত্র ইনস্টিটিউটের রেজিস্ট্রার অফিস হইতে আগামী ২০-৯-৮৭ইং তারিখ হইতে ভর্তির ফরম দেওয়ার হইবে। এবং ১০-১০-৮৭ইং বেলা ২টা পর্যন্ত ফরম গ্রহণ করা হইবে। ভর্তি পরীক্ষা ৪-১১-৮৭ইং (বুধবার) সকাল ১০ ঘটিকায় অত্র ইনস্টিটিউটে অনুষ্ঠিত হইবে।

আবেদনকারীদের মধ্যে যাহারা ভর্তি পরীক্ষা দেওয়ার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে, তাহাদের নাম অত্র ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে ৩০-১০-৮৭ইং তারিখে প্রকাশ করা হইবে। এবং ৩১-১০-৮৭ইং হইতে ৩-১১-৮৭ইং অফিস চলাকালীন সময়ে পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে। কোন প্রার্থীকে কোন অবস্থাতেই প্রবেশপত্র ছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চট্টগ্রামের যে কোন ব্যাংকের উপর দেয় অথবা নগদ ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে অত্র প্রতিষ্ঠানের রেজিস্ট্রার অফিস হইতে দরখাস্ত ফরম পাওয়া যাইবে। ডাকযোগে ফরম পাইতে হইলে অধ্যক্ষের অনুকূলে চট্টগ্রাম শহরে দেয় যে কোন ব্যাংকে ৫০/- টাকার (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট ও তৎসহ ৫/- টাকার (পাঁচ) টাকার ডাকটিকেটসহ স্বীয় ঠিকানা সম্বলিত বড় সাইজের ইনভেলপ (খাম) প্রেরণ করিতে হইবে। ডাকে পাঠানো ফরম অত্র প্রতিষ্ঠানে ১০-১০-৮৭ইং তারিখের বিলম্বে পৌঁছিলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

উল্লেখ থাকে যে, সরকার কিছু আসন সংরক্ষিত করিয়াছেন। নিম্নে তাহার বন্টন দেখানো হইলঃ

(ক) মহিলা আসন ........ ৩২টি
(খ) পার্বত্য এলাকা উপজাতীয় ........ ৫টি
(গ) প্রাক্তন সৈনিকের পৌষ্য ........ ৪টি
(ঘ) কারিগরী শিক্ষা বোর্ড হইতে ট্রেড পাস করা প্রার্থীদের জন্য ........ ১৬টি

আরো উল্লেখ করা যাইতে পারে যে, পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল ডিপ্লোমা পাস করার পর ঢাকা বিআইটি'তে (অধুনালুপ্ত ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ) বি এস সি, ইঞ্জিনিয়ারিং কোর্সে পড়াশুনা করার সুযোগ আছে। অথবা চাকুরী করা অবস্থায় এ এম আই ই, কোর্সে পড়াশুনা করিতে পারিবে। চাকুরী ক্ষেত্রে সরকার কর্তৃক এ এম আই'তে বি এস সি ইঞ্জিনিয়ারিং-এর সমতুল্য ধরা হইয়াছে। ঢাকা ও বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কোন কলেজে বি এস সি কোর্সে পড়াশুনা করিতে পারিবে।

অধ্যক্ষ
চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট,
নাছিরাবাদ, চট্টগ্রাম।
ফোনঃ ২১২১৬৫
২১১২৪৪

ডিএফপি-(স)১৬১(৫)১৭-৯
জি—৩০৪৬/৮৭